IV. COTTON DEVELOPMENT BOARD

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF AGRICULTURE

RESOLUTION

No. III/Cotton-8/72-393-14th December 1972ÍThe Government is pleased to constitute with immediate effect, for the purpose of development of Cotton cultivation in Bangladesh, a Cotton Development Board which shall consist of:Í

(i) Minister for Agriculture – Chairman (ex-officio).

(ii) Secretary, Ministry of AgricultureÍVice-Chairman (ex-officio).

(iii) A representative of the Ministry of Industries (not below the rank of Joint Secretary) Members

(iv) Director of Agriculture (Extension and Management). ,,

(v) Director of Agriculture (Research and Education). ,,

(vi) Executive Director, Cotton Development BoardÍ Member-Secretary.

2. The Board may co-opt other members not exceeding three.

3. The functions of the Board shall beÍ

(a) to promote cotton cultivation by organising cotton growers association or societies and ensure supply of agricultural inputs and improved seeds, fertilizers, plant protection measures, irrigation and such other connected matters ;

(b) to arrange for training of cotton cultivators and establishment of demonstration plots ;

(c) to encourage development of ginnery for processing the cultivator's produce of seed cotton ;

(d) to render assistance in the marketing of seed cotton at growers' level.

4. The Executive Director will be responsible for the day-to-day functioning of the Board and implementation of its development schemes and projects subject to the general supervision, control and policy directives of the Board.

5. The finance of the Board will consist of funds provided under development projects and such other funds as may be made available by Government.

6. The Board, may, subject to the approval of the Government appoint such officers, advisers and other employees as may be neccessary, for the efficient performance of the functions of the Board, and such officers, advisers and employees shall be deemed to be Government servants.

7. The Board shall subject to the approval of the Government make regulations for conduct of its business.

Ordered that the resolution be published in the *Bangladesh Gazette* and copies there of forwarded to the Chairman and the Members of the Board.

SALAHUDDIN AHMED
Secretary.

কৃষি মন্ত্রণালয়

শাখা-২

রিজুলিউশন

ঢাকা, ১০ই জ্যৈষ্ঠ ১৩৯৮/২৫শে মে ১৯৯১

নং কৃষি-২/তূলা-৪/৯০(অংশ)/০২৩৯—বাংলাদেশে তূলা চাষ ও গবেষণা উন্নয়নের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের ১৪ই ডিসেম্বর, ১৯৭২ তারিখের ৩/কটন-৮/৭২-৩৯৩ নং রিজুলিউশন সংশোধনক্রমে নিম্নরূপভাবে তূলা উন্নয়ন বোর্ড গঠন করা হইল ঃ

(১)	কৃষি মন্ত্রী—	চেয়ারম্যান (পদাধিকারবলে)
(২)	সচিব, কৃষি মন্ত্রণালয়—	ভাইস-চেয়ারম্যান (পদাধিকারবলে)
(৩)	বস্ত্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি, (যুগ্ম-সচিব পদমর্যাদার নীচে নহে)।	সদস্যবৃন্দ
(৪)	মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।	,,
(৫)	নির্বাহী সহ-সভাপতি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।	,,
(৬)	নির্বাহী পরিচালক, তূলা উন্নয়ন বোর্ড—	সদস্য-সচিব

২। বোর্ড প্রয়োজনবোধে অনূর্ধ্ব তিনজন সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৩। **বোর্ডের কার্যক্রম হইবে নিম্নরূপ ঃ—**

(ক) তূলাচাষী সংস্থা বা কমিটিসমূহকে সংগঠিত করিয়া তূলাচাষের ব্যাপ্তি সাধন এবং কৃষি উপকরণ ও উন্নত বীজ, সার সরবরাহ, উদ্ভিদ সংরক্ষণ ব্যবস্থা গ্রহণ, সেচ ও সংশ্লিষ্ট আনুষংগিক বিষয়াদি;

(খ) তূলা চাষীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং প্রদর্শনী খামার স্থাপন;

(গ) চাষীদের উৎপন্ন বীজ তূলা প্রক্রিয়াকরণের জন্য 'জিনিং' ব্যবস্থাকে উৎসাহ প্রদান;

(ঘ) উৎপাদন পর্যায়ে বীজ তূলা বাজারজাতকরণে সহায়তা প্রদান; এবং

(ঙ) তূলা উন্নয়ন কর্মসূচীর সম্প্রসারণ এবং সম্প্রসারিত উৎপাদনের নিরবচ্ছিন্নতার জন্য গবেষণা কার্যক্রম পরিচালন।

৪। নির্বাহী পরিচালক বোর্ডের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করিবেন। তিনি বোর্ডের তত্ত্বাবধান, নিয়ন্ত্রণ ও নীতি নির্ধারণ সাপেক্ষে উহার উন্নয়ন স্কীম ও প্রকল্পসমূহ বাস্তবায়নের দায়িত্বে থাকিবেন।

৫। উন্নয়ন প্রকল্পসমূহ হইতে প্রাপ্ত অর্থ এবং সরকার প্রদত্ত অন্যান্য অর্থ সমন্বয়ে বোর্ডের তহবিল গঠিত হইবে।

৬। সরকারের অনুমোদনক্রমে বোর্ডের কার্যক্রম দক্ষতার সাথে সম্পাদনের নিমিত্তে বোর্ড

প্রয়োজনানুযায়ী কর্মকর্তা, উপদেষ্টা এবং কর্মচারীদের নিয়োগ প্রদান করিতে পারিবে। এই সকল কর্মকর্তা, উপদেষ্টা ও কমচারীগণ সরকারী কর্মচারী বলিয়া গণ্য হইবেন।

৭। বোর্ডের কার্যক্রম পরিচালনার জন্য সরকারের অনুমোদনক্রমে বোর্ড প্রবিধান (রেগুলেশন) প্রণয়ন করিতে পারিবে।

৮। এই রিজুলিউশন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে, এম, রব্বানী
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

ঢাকা,১লা ডিসেম্বর, ১৯৯৩/১৭ই অগ্রহায়ণ,১৪০০

নং এস,আর,ও ২৩৪-আইন/৯৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শ এবং এতদ্‌সংক্রান্ত সকল প্রচলিত বিধিমালা বাতিলক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ-

১। **সংক্ষিপ্ত শিরনাম**।—এই বিধিমালা তূলা উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "ডিগ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" অর্থ ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয়, বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেট এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেট;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা, কোন পদে নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

(ছ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠান এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা অন্য কোন প্রতিষ্ঠান।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর বিধান মোতাবেক পদ সংরক্ষণ সংক্রান্ত সরকারী নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবিধৃত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) বাংলাদেশ সিভিল সার্ভিস (কৃষি) ক্যাডারের কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত সময় সীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক্ ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসি।**—(১) কোন স্থায়ী শুন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে—

(ক) সরাসরি নিয়োগর ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্ত তারিখ হইতে এক বৎসরের জন্য, শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপে বৃদ্ধি করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাহার কর্ম দক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যদি তিনি উক্ত পদে স্থায়ী হওয়ার জন্য কোন পরীক্ষা বা প্রশিক্ষণ নির্ধারিত হইলে উক্ত পরীক্ষায় পাস না করেন বা সফলতার সহিত প্রশিক্ষণ গ্রহণ না করেন।

তফসিল

[বিধি ২(গ) দ্রষ্টব্য]

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
১.	নির্বাহী পরিচালক	অনূর্ধ্ব ৫০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগ এবং সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	**পদোন্নতি ঃ** উপ-পরিচালক পদে ১০ (দশ) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগঃ (ক) কৃষিতে স্নাতকসহ কটন এগ্রোনমি অথবা ফিজিয়লজি বা ব্রিডিং-এ পি,এইচ,ডি, ডিগ্রী ; এবং (খ) কোন প্রতিষ্ঠানের কৃষি গবেষণা, সম্প্রসারণ, ব্যবস্থাপনা, পরিকল্পনা বা মূল্যায়ন কাজের উচ্চতর ব্যবস্থাপক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ কৃষি সম্প্রসারণ বা গবেষণা কাজে কমপক্ষে ২০ বৎসরের অভিজ্ঞতা।
২.	উপ-পরিচালক	”	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	প্রধান তূলা উন্নয়ন কর্মকর্তা, কীট পতঙ্গ বিশেষজ্ঞ, বীজ উৎপাদন বিশেষজ্ঞ এবং মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ পদ বা পদসমূহে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
৩.	প্রধান তূলা উন্নয়ন কর্মকর্তা	অনূর্ধ্ব ৪০ বৎসর	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বা সরাসরি নিয়োগের মাধ্যমে।	**পদোন্নতি ঃ** তূলা উন্নয়ন কর্মকর্তা এবং বীজতূলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তার পদ বা পদসমূহের ৭ (সাত) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগ ঃ** সংশ্লিষ্ট কাজে ৬ বৎসরের অভিজ্ঞতাসহ এম,এস-সি(এজি) অথবা এম,এজি ডিগ্রী অথবা ১০ বৎসরের অভিজ্ঞতাসহ বি,এস-সি(এজি) ডিগ্রী।
৪.	কীট পতঙ্গ বিশেষজ্ঞ	অনূর্ধ্ব ৪০ বৎসর	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বা সরাসরি নিয়োগের মাধ্যমে।	**পদোন্নতিঃ** তূলা উন্নয়ন কর্মকর্তা অথবা বীজতূলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তার পদ বা পদসমূহে ৭ (সাত) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগ ঃ** সংশ্লিষ্ট কাজে ৬ বৎসরের অভিজ্ঞতাসহ এম,এস-সি(এজি) অথবা এম,এজি ডিগ্রী অথবা ১০ বৎসরের অভিজ্ঞতাসহ বি,এস-সি(এজি) ডিগ্রী।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
৫.	বীজ উৎপাদন বিশেষজ্ঞ	অনূর্ধ্ব ৪০ বৎসর	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বা সরাসরি নিয়োগের মাধ্যমে।	**পদোন্নতিঃ** তূলা উন্নয়ন কর্মকর্তা এবং বীজতূলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তার পদ বা পদসমূহে ৭ (সাত) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগ ঃ** সংশ্লিষ্ট কাজে ৬ বৎসরের অভিজ্ঞতাসহ এম,এস-সি(এজি) ডিগ্রী অথবা এম,এজি ডিগ্রী অথবা ১০ বৎসরের অভিজ্ঞতাসহ বি,এস-সি(এজি) ডিগ্রী।
৬.	মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ	ঐ	ঐ	**পদোন্নতিঃ** তূলা উন্নয়ন কর্মকর্তা এবং বীজতূলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তার পদ বা পদসমূহে ৭ (সাত) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগ ঃ** সংশ্লিষ্ট কাজে ৬ বৎসরের অভিজ্ঞতাসহ এম,এস-সি(এজি) ডিগ্রী অথবা এম, এজি ডিগ্রী অথবা ১০ বৎসরের অভিজ্ঞতাসহ বি,এস-সি(এজি) ডিগ্রী।
৭.	তূলা উন্নয়ন কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	২০% পদোন্নতির মাধ্যমে ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতিঃ** সহকারী বীজতূলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তার পদ বা পদসমূহে ৫ বৎসরের চাকুরী এবং কটন ইউনিট অফিসার পদে ১৩ বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগ ঃ** বি,এস-সি(এজি) সম্মানে দ্বিতীয় শ্রেণীর ডিগ্রী।
৮.	কারিগরী কর্মকর্তা	..	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	প্রশাসনিক কর্মকর্তার পদে ৫ বৎসরের চাকুরী
৯.	বীজতূলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তা	..	পদোন্নতির মাধ্যমে	সহকারী বীজতূলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তার পদ বা পদসমূহে ৫ বৎসরের চাকুরী।
১০.	আঁশ প্রযুক্তিবিদ	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	**পদোন্নতিঃ** কটন টেস্টারের পদে ৮ বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগ ঃ** টেক্সটাইল টেকনোলজি অথবা ফাইবার টেকনোলজিতে স্নাতক ডিগ্রী।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
১১.	প্রশাসনিক কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে	অফিস তত্ত্বাবধায়কের পদে ৬ বৎসরের চাকুরী।
১২.	সহকারী বীজতূলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	৭০% পদোন্নতির মাধ্যমে; এবং ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতিঃ** কটন ইউনিট অফিসারের পদে ৮ বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগঃ** বিজ্ঞান অথবা বাণিজ্য অথবা অর্থনীতি অথবা সমাজ বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী।
১৩.	হিসাব রক্ষণ কর্মকর্তা	..	পদোন্নতির মাধ্যমে	হিসাব রক্ষকের পদে ৫ বৎসরের চাকুরী।
১৪.	কটন ইউনিট অফিসার	অনূর্ধ্ব ৩০ বৎসর	৫০% পদোন্নতির মাধ্যমে ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতিঃ** স্টোর-কাম-ফিল্ডম্যানের পদে ৫ বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগ ঃ** কৃষি বিষয়ে ডিপ্লোমা, তবে দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমাধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে।
১৫.	কটন টেস্টার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	ডিপ্লোমা-ইন-টেক্সটাইল অথবা সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ বিজ্ঞান শাখায় দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাশ।
১৬.	অফিস তত্ত্বাবধায়ক	..	পদোন্নতির মাধ্যমে	উচ্চমান সহকারী পদে ২ বৎসরের চাকুরী।
১৭.	হিসাব রক্ষক	..	ঐ	হিসাব সহকারী বা ক্যাশিয়ারের পদে বা পদসমূহে ৫ বৎসরের চাকুরী।
১৮.	উচ্চমান সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	৬৬% পদোন্নতির মাধ্যমে, এবং ৩৪% সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতি ঃ** নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক এবং গুদাম রক্ষকের পদে ৫ বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগ ঃ** স্নাতক ডিগ্রী।
১৯.	স্টেনোগ্রাফার	Stenographers and Stenotypists(Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী।		
২০.	স্টেনো-টাইপিস্ট		ঐ	ঐ
২১.	ট্রাক চালক	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	অষ্টম শ্রেণী পাসসহ ভারী মোটর যান চালানোর বৈধ লাইসেন্স, অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাইবেন।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
২২.	গাড়ী চালক	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	অষ্টম শ্রেণী পাসসহ হালকা মোটর যান চালানোর বৈধ লাইসেন্স, অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাইবেন।
২৩.	নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক	ঐ	৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে, এবং ২৫% পদোন্নতির মাধ্যমে, পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	**সরাসরি নিয়োগ ঃ** উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে বাংলায় ২০ এবং ইংরেজীতে ২৮ শব্দের গতি। **পদোন্নতি ঃ** মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে বাংলায় ২০ এবং ইংরেজীতে ২৮ শব্দের গতি থাকা সাপেক্ষে, এম, এল, এস, এস পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে।
২৪.	হিসাব সহকারী/ক্যাশিয়ার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস, সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাইবেন।
২৫.	গুদাম রক্ষক	ঐ	ঐ	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস।
২৬.	স্টোর-কাম-ফিল্ডম্যান	ঐ	ঐ	জীববিদ্যায় অথবা কৃষি বিজ্ঞানসহ বিজ্ঞান শাখায় বা কৃষি শাখায় দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস।
২৭.	জিন মেকানিক	ঐ	ঐ	মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ যান্ত্রিক অথবা বৈদ্যুতিক ট্রেড কোর্সে ডিপ্লোমা বা সার্টিফিকেটধারী।
২৮.	ডুপ্লিকেটিং মেশিন অপারেটর	..	পদোন্নতির মাধ্যমে	এম,এল,এস, এস, পদে ৫ বৎসরের চাকুরী।
২৯.	এল,এল,এস,এস	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	অষ্টম শ্রেণী পাস এবং অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে।
৩০.	দারোয়ান	ঐ	ঐ	অষ্টম শ্রেণী পাস এবং শারীরিক যোগ্যতা থাকিতে হইবে।
৩১.	ঝাড়ুদার	ঐ	ঐ	অষ্টম শ্রেণী পাস, পেশাগত ঝাড়ুদার শ্রেণী প্রার্থী অগ্রাধিকার পাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আনওয়ারুল ইসলাম
অতিরিক্ত সচিব।